অবশ্য এসব কাজ আমাদের যেসব ক্রীড়নকদের মাধ্যমে আমরা করিয়ে নেই, সংবাদপত্রের মতামত বা অন্য কোন বিষয়েই আমাদের ও তাদের মধ্যস্থিত যোগাযোগের কোন সূত্র বিদ্যমান নেই। তথাপি সিনেটের (Senate) ও উচ্চ পর্যায়ের শাসকবৃন্দ আমাদের পরামর্শ গ্রহণ করে থাকে। গইমদের নির্ভেজাল পশুমন বিশ্লেষণ বা পর্যবেক্ষণ জাতীয় কোন কার্যেরই যোগ্য নয়। আর কোন বিষয়ের পরিণতি কতদূর গড়াবে এ সম্পর্কিত দূরদৃষ্টিও এদের নেই। কার্যক্ষমতা ও চিন্তাশক্তির ক্ষেত্রে আমাদের সঙ্গে গইমদের পশুমনের পার্থক্য থেকেই আমরা যে খোদার মনোনীত ও উচ্চ গুণাবলীর অধিকারী তা সুস্পষ্টরূপে প্রমাণিত হয়ে যায়। তাদের চোখ খোলা অথচ এরা দেখতে পায় না আর ঐ চোখ দিয়ে কোন রহস্যই ভেদ করতে পারে না (অবশ্য বস্তু রহস্য ভেদ করা ছাড়া)। একথা থেকে পরিষ্কারভাবে প্রমাণিত হয় যে, আমাদের সৃষ্টিই হয়েছে বিশ্বকে শাসন করার জন্য।

আমাদের শাসন ব্যবস্থা যখন লোক চক্ষুর সামনেই কায়েম হয়ে যাবে এবং তার সুফল প্রকাশের সময় আসবে তখন আমরা সকল আইন নূতনভাবে জারী করবো। আমাদের রচিত আইনগুলো হবে সংক্ষিপ্ত, সরল, স্থিতিশীল এবং কখনও এগুলোর ব্যাখ্যা করার দরকার হবে না। এতে জনগণ সহজেই আইনের উদ্দেশ্য বুঝতে পারবে। সবগুলো আইনের মধ্যেই একটি বিষয় প্রবল থাকবে আর তা হচ্ছে আমাদের আদেশ-নির্দেশের বশ্যতা স্বীকার। এ বিষয়টিকেই আমরা চূড়ান্ত পর্যায় পর্যন্ত পৌঁছিয়ে দেবো। ফলে নিম্নতম পদ থেকে উচ্চতম স্তর পর্যন্ত সকল ক্ষেত্রে অবাধ্যাচরণ সম্পূর্ণরূপে দূরীভূত হয়ে যাবে। ক্ষমতার অপব্যবহারকারী অপরাধীর আমরা কঠোর শাস্তির ব্যবস্থা করবো যেন তা দেখে কখনও কারো মস্তিষ্কে ক্ষমতার অপব্যবহারের চিন্তাও প্রবেশ করতে না পারে। যেসব কর্মতৎপরতার উপর শাসন ক্ষমতা নির্ভরশীল সেগুলোর উপর আমরা সর্বদা সতর্ক দৃষ্টি রাখবো। কেননা, শৈথিল্য সর্বক্ষেত্রেই শিথিলতার জন্ম দেয়। অবৈধ আচরণ কিংবা ক্ষমতার অপব্যবহারের একটি ঘটনাকেও কঠোর সাজা না দিয়ে ছেড়ে দেয়া হবে না।

দোষ গোপন করা, শাসন কার্যে নিয়োজিত ব্যক্তিদের মধ্যে পরস্পর গুপ্ত যোগসূত্র রাখা ইত্যাদি ধরনের অপরাধ প্রথম দফা কঠোর শাস্তি দেয়ার পরই দূরীভূত হয়ে যাবে। আমাদের ক্ষমতার পবিত্রতা রক্ষার জন্য সামান্যতম অপরাধেরও যথাযোগ্য তথা নিষ্ঠুর সাজা দেয়া জরুরী। আর এ ধরনের পদক্ষেপের ফলেই আমরা সুউচ্চ মর্যাদার আসন লাভ করবো। ভোগান্তি যাদের

ঘটবে তাদের সাজা অপরাধের তুলনায় অনেক বেশী হলেও তারা সৈনিক সুলভ মনোভাব নিয়ে কর্তৃপক্ষের স্বার্থে নিজেদের পতনকে মেনে নিবে। কারণ নীতি ও আইন কখনও শাসন ক্ষমতার রশি যাদের হাতে তাদের ব্যক্তিগত স্বার্থোদ্ধারের অবকাশ দেয় না। দৃষ্টান্ত স্বরূপ আমাদের বিচারকগণের একথা জানা থাকবে যে, নির্বোধের মতো নম্রতা দেখিয়ে নিজেদের সম্মান বৃদ্ধির প্রবণতা যদি তাদের প্রভাবিত করে তাহলে তারা বিচারের মূলনীতি লংঘন করবেন। বিচার ব্যবস্থা প্রবর্তনের উদ্দেশ্যই হচ্ছে কঠোর সাজা দিয়ে অধপতিত মানুষের নৈতিক উন্নয়ন। বিচারকের দয়া-দাক্ষিণ্য জাতীয় সদগুণাবলী প্রকাশ করার ক্ষেত্র বিচারালয় নয়। এ ধরনের সদগুণাবলী ব্যক্তিগত জীবনে সীমাবদ্ধ থাকা ভাল কিন্তু মানব জাতিকে গড়ে তোলার জন্য যে সমষ্টিগত ব্যবস্থা প্রতিষ্ঠিত আছে, সেখানে এসব গুণের কোন প্রয়োজন নেই।

আমাদের আইন বিভাগীয় কর্মচারীগণ ৫৫ বছর বয়সের বেশী সময় চাকুরী করবে না, এর প্রথম কারণ এই যে, বুড়ো লোকেরা একগুয়েমীর সঙ্গে সঙ্গে পক্ষপাতিত্ব করে এবং নূতন যুক্তির প্রতি কোন গুরুত্ব প্রদান করে না। দ্বিতীয় কারণ হচ্ছে এই যে, এ নিয়মের ফলে কর্মচারী পরিবর্তন সম্পর্কিত বিষয়ে আমরা হেরফের করার যথেষ্ট সুযোগ পেয়ে যাবো এবং চাপ দিয়ে এসব কর্মচারীদের অত্যন্ত অনুগত হতে বাধ্য করবো। যে ব্যক্তি নিজের মর্যাদা বহাল রাখার জন্য আগ্রহী তাকে অন্ধভাবে আমাদের আনুগত্য করতে হবে। সাধারণ-ভাবে আমাদের বিচারকদের মনোনীত করার সময় পরখ করে দেখে নিতে হবে যেন তারা খুব ভালভাবে বুঝেশুনে দায়িত্ব গ্রহণ করে। কেননা তাদের দায়িত্ব হচ্ছে আইনের প্রয়োগ ও শাস্তি দান। বর্তমানে গইম সমাজে প্রচলিত বিচার ব্যবস্থার ন্যায় আমরা সরকারী খরচায় উদারতা প্রদর্শন করার জন্য বিচারক নিয়োগ করবো না। কর্মচারীদের রদবদলের দরুন একই ধরনের কাজে নিযুক্ত ব্যক্তিদের মধ্যে গড়ে ওঠা ঐক্যও ভেঙ্গে যাবে এবং তারা তাদের ভাল মন্দের জন্য শুধু মাত্র সরকারেরই মুখাপেক্ষী হয়ে থাকবে। তরুণ বিচারকদের আরো একটি বিষয় শিক্ষা দেয়া হবে। আর তা হচ্ছে এই যে, আইন প্রয়োগের ফলে যেন প্রতিষ্ঠিত সমাজের কোন ব্যবস্থা ভেঙ্গে চুরে না যায় সেদিকে লক্ষ্য রেখে রায় দিতে হবে।

বর্তমান সময়ে গইম সমাজের বিচারকগণ সকল প্রকার অপরাধজনক কাজে উৎসাহী। কারণ, তারা তাদের পদমর্যাদার গুরুত্ব বোঝে না। আর বর্তমান জামানার শাসক শ্রেণী বিচারক নিয়োগকালে তাদের দায়িত্ব ও কর্তব্য বুঝিয়ে দেয় না। পশু যেভাবে তার শিশু সন্তানকে শিকার করার জন্য ছেড়ে দেয় তেমনিভাবে গইম সমাজ দায়িত্বপূর্ণ পদ যাদের হাতে অর্পণ করে তাদের

বুঝিয়ে দেয় না, এ দায়িত্ব তার হাতে দেয়ার উদ্দেশ্য কি। এই জন্যেই গইমদের রাষ্ট্র তাদের নিজেদের নিয়োজিত লোকদের দ্বারাই ধ্বংস হতে চলেছে।

এসব অভিজ্ঞতা থেকে আমাদের সরকার পরিচালনার জন্য শিক্ষাগ্রহণ করে যথোপযুক্ত ব্যবস্থা অবলম্বন করতে হবে।

আমাদের রাষ্ট্রে যেসব পদস্থ কর্মচারী নিম্নস্তরের কর্মচারীদের ট্রেনিং দিয়ে রাষ্ট্র পরিচালনার যোগ্য করে গড়ে তোলার দায়িত্ব পালন করেন তাদের মন-মগজ থেকে উদারতাবাদ সম্পূর্ণরূপে মুছে ফেলতে হবে। কেবল শাসন ক্ষমতা পরিচালনার জন্য আমাদের দ্বারা বিশেষভাবে যাদের ট্রেনিং দিয়ে তৈরী করা হয়েছে শুধু তাদেরই এসব দায়িত্বপূর্ণ পদে নিয়োগ করা হবে। বুড়ো কর্মচারীদের অবসর দানের ফলে পার্থিব ক্ষতি সম্পর্কিত একটি আপত্তি উত্থাপিত হতে পারে। এর জবাব হচ্ছে এই যে, প্রথমত বুড়ো কর্মচারীদের বিদায়দানের ফলে তারা যে চাকরী হারালো, তার পরিবর্তে তাদের কোন বেসরকারী প্রতিষ্ঠানে নিয়োগ করার ব্যবস্থাও আমরাই করবো। দ্বিতীয়ত, দুনিয়ার অর্থভাণ্ডার আমাদেরই কুক্ষিগত হয়ে যাবে। তাই আমাদের সরকারকে কখনও অর্থাভাবের দুশ্চিন্তা করতে হবে না।

অতি যুক্তিসঙ্গতভাবে প্রতিটি বিষয়েই আমাদের নিরংকুশ শাসন ক্ষমতা ক্রমশ কঠোর হয়ে উঠবে এবং এ জন্যেই আমাদের চূড়ান্ত ইচ্ছা-অনিচ্ছা সর্বক্ষেত্রেই সম্মানিত ও বিনা দ্বিধায় প্রতিপালিত হবে। আমাদের এ সর্বাত্মক ক্ষমতা সকল প্রকার আর্তনাদ ও অসন্তুষ্টিকে অগ্রাহ্য করে এগিয়ে যাবে এবং আমাদের রহস্য ফাঁস করার যাবতীয় প্রচেষ্টাকে কঠোর শাস্তির মাধ্যমে নির্মূল করে দেবে।

আমাদের সরকারের চেহারা-সুরত হবে বংশের মুরুব্বী ব্যক্তির মত এবং আমাদের শাসক পিতৃসুলভ অভিভাবকের মত শাসন কাজ চালিয়ে যাবেন। আমাদের স্বজাতীয়গণ এবং প্রজাতীয় ব্যক্তিরা আমাদের নিয়োজিত শাসকের মধ্যে একটা পিতৃরূপ দেখতে পাবে। তারা দেখতে পাবে এ নয়া শাসনকর্তা তাদের প্রতিটি প্রয়োজন প্রতিটি কাজ শাসিতদের প্রত্যেকের পারস্পরিক সম্পর্ক এবং শাসক ও শাসিতের সম্পর্কের বিষয়েও খুবই আগ্রহ প্রদর্শন করছেন। তারা সুষ্ঠুভাবে বুঝতে পারবে যে, শান্তি ও শৃংখলা সহকারে জীবন যাপন করতে হলে অভিভাবকরূপী প্রতিষ্ঠিত শাসকের মুরুব্বিয়ানা থেকে দূরে সরে থাকার কোনই পথ নেই। তারা আমাদের নিয়োজিত শাসনকর্তার স্বেচ্ছাচারকে অত্যন্ত ভক্তি শ্রদ্ধা সহকারে মেনে নিবে। বিশেষ করে তারা যখন দেখতে পাবে

যে, আমাদের নিয়োজিত অন্যান্য দায়িত্বশীল অফিসারগণও নিজেদের ইচ্ছামত কাজ করে না বরং ঐ স্বেচ্ছাচারী শাসকের আদেশ-নির্দেশ হুবহু পালন করে —তখন তাদের মধ্যে অবাধ্যাচরণের চিন্তাও আর অবশিষ্ট থাকবে না। শাসিত ব্যক্তিগণ বরং এ জন্য আনন্দিত হবে যে, আমরা মুরুব্বি ও মাতা-পিতার মত তাদের যাবতীয় কার্যক্রম নিয়ন্ত্রণ করছি। আর মাতা-পিতা সর্বপ্রকার যত্ন নেয়ার কারণেই নিজেদের প্রতি সন্তানের আনুগত্য ও কর্তব্যপরায়ণতার দাবী করতে পারেন। অনুরূপভাবে আমাদের শাসকগণও তাদের কাছে সঙ্গতভাবেই পূর্ণ আনুগত্য এবং দ্বিধাহীনভাবে কর্তব্য পালনের দাবী করবে। সত্য কথা হচ্ছে এই যে, রাষ্ট্র পরিচালনার গুপ্ত রহস্য সম্পর্কে দুনিয়ার অন্যান্য জাতি ও তাদের পরিচালিত রাষ্ট্র ব্যবস্থা, আমাদের জ্ঞান ও অভিজ্ঞতার তুলনায় শিশু মাত্র। তাই সঙ্গতভাবেই আমরা অভিভাবক।

তোমরা দেখতে পাচ্ছ—আমাদের সর্বাত্মক ক্ষমতার ভিত্তি হচ্ছে অধিকার ও কর্তব্য। কর্তব্য পালন করতে বাধ্য করা আমাদের সরকারের প্রধান দায়িত্ব। আর আমাদের সরকার হচ্ছে তার প্রজাদের মা-বাপ। মানব সমাজকে তার প্রকৃতি নির্ধারিত স্থান অর্থাৎ বশ্যতা ও আনুগত্য স্বীকার করার পর্যায়ে নিয়ে যাওয়া আমাদের সরকারের স্বাভাবিক অধিকার। দুনিয়ার প্রতিটি বস্তুই একে অপরের অনুগত। মানুষের অনুগত না হলেও বিশেষ অবস্থা বা নিজের আভ্যন্তরীণ প্রকৃতির প্রতি অনুগত। সকল ক্ষেত্রেই একটি বিষয় সুস্পষ্ট—আর তা হচ্ছে দুর্বল সর্বদাই প্রবলের অনুগত। সুতরাং কল্যাণের খাতিরে আমরাও প্রবলের ভূমিকা গ্রহণ করবো।

যেসব ব্যক্তি আমাদের প্রতিষ্ঠিত ব্যবস্থায় ফাটল সৃষ্টির চেষ্টা করবে, আমরা বিনা দ্বিধায় তাদের কুরবানী করে ধন্য হবো। কেননা, কঠোর সাজার মধ্যেই শিক্ষা নিহিত রয়েছে।

ইসরাঈলের বাদশাহ যেদিন ইউরোপের পেশ করা শাহী তাজ মাথায় দিবেন সেদিন থেকে তিনি সারা দুনিয়ার কুলপতির স্থান অধিকার করবেন। অনিবার্যভাবে ও প্রয়োজনের তাগিদে অভিসিক্ত বাদশাহ যাদের হত্যা করবেন তাদের সংখ্যা শত শত বছর গয় সরকারগুলোর পারস্পরিক বিবাদের ফলে নিহতদের সংখ্যার চেয়ে কিছুতেই বেশী হবে না।

আমাদের বাদশাহ জনগণের সঙ্গে যোগাযোগের অবিচ্ছেদ্য ধারা কায়েম করবেন এবং তাঁর মঞ্চ থেকে জনগণের উদ্দেশ্যে যেসব মূল্যবান ভাষণ দান করবেন সঙ্গে সঙ্গেই সেগুলোর সুখ্যাতি সারা দুনিয়ায় ছড়িয়ে পড়বে।

শিক্ষাব্যবস্থার নয়া রূপ

বিশ্ববিদ্যালয়গুলোকে নিষ্প্রাণ করা। শ্রেণীবাদের প্রতিকল্প। প্রশিক্ষণ এবং বৃত্তি। বিদ্যালয়গুলোতে শাসনকর্তার কর্তৃত্ব সম্পর্কিত প্রচারণা। শিক্ষাদানের আযাদী হরণ। নয়া সূত্র। চিন্তার স্বাধীনতা। পাঠ্য বিষয়ের মাধ্যমে উদ্দেশ্য-মূলক শিক্ষাদান।



একমাত্র আমাদের ছাড়া দুনিয়ার যাবতীয় সমষ্টিগত শক্তি বিনষ্ট করার জন্য প্রথমেই আমরা সমষ্টির শিক্ষাকেন্দ্র — বিশ্ববিদ্যালয়গুলোকে এক নবতর শিক্ষা পদ্ধতির মাধ্যমে নিষ্প্রাণ করে দেবো। এ শিক্ষাগারের সকল অধ্যাপক ও কর্মচারীবৃন্দ একটা বিস্তারিত কার্যসূচী অনুসারে নূতন দায়িত্ব পালনের জন্য প্রস্তুত হবেন। এবং কখনও এক চুল পরিমাণও এদিক সেদিক নড়াচড়া করবেন না। বিশেষ সতর্কতার সঙ্গে তাদের নিয়োগ করা হবে এবং তারা সরকারের উপর পরিপূর্ণরূপে নির্ভরশীল হবে।

রাষ্ট্রের প্রচলিত আইন-কানুন ও রাজনীতি সংক্রান্ত অপরাপর প্রয়োজনীয় বিষয়াবলীকে আমরা পাঠ্য তালিকা বহির্ভূত করে দেবো। এ বিষয়গুলো মাত্র কয়েক ডজন ছাত্রকে শেখানো হবে। পাঠরত অসংখ্য ছাত্রদের মধ্য থেকে বিশেষ গুণাবলীর অধিকারী যারা তাদের আমরা এ শিক্ষার জন্য বাছাই করে নেবো। শাসনতন্ত্রকে শিথিল করার উদ্দেশ্যে বিশ্ববিদ্যালয়ের হলগুলো থেকে প্রস্তাবাদি প্রেরণ বন্ধ করে দিতে হবে। মিলনান্তক বা বিয়োগান্তক নাটক রচনায় বিশ্ববিদ্যালয়গুলো যেভাবে আগ্রহ প্রকাশ করে, ঠিক সেভাবে শাসনতান্ত্রিক ব্যাপারে তাদের নাকগলাতে দেয়া হবে না। কারণ, আজ এরা যেসব বিষয় আলোচনা করতে চায় সেসব বিষয় সম্পর্কে এদের পূর্বপুরুষদের কোন চিন্তা শক্তিই ছিল না। গইমদের বিশ্বজোড়া শিক্ষাব্যবস্থার প্রতি লক্ষ্য করলে তোমরা বুঝতে পারবে যে, রাষ্ট্র সংক্রান্ত ব্যাপারে ভ্রান্ত ধারণার বশবর্তী বিপুল জনতা অবাস্তব কল্পনা বিলাসী ও অবাঞ্ছিত নাগরিক সৃষ্টি করে মাত্র। আমরা অবশ্যই তাদের শিক্ষাব্যবস্থায় এমন সব মূলনীতি শামিল করবো যা প্রচলিত শিক্ষা নীতিকে সম্পূর্ণরূপে অচল করে দেবে। কিন্তু আমরা ক্ষমতা লাভ করার পর পাঠ্য তালিকা থেকে গোলযোগ সৃষ্টিকারী সকল বিষয় বাদ দিয়ে দেবো এবং যুবসমাজকে শাসন কর্তৃপক্ষের অনুগত সন্তান শ্রেণীতে পরিণত করবো। শান্তি শৃংখলার আশায় তারা শাসককে ভালোবাসবে এবং তাকে সমর্থনও করবে।

গ্রীক ও ল্যাটিন ভাষার প্রাচীন গ্রন্থাদি এবং প্রাচীন ইতিহাস পঠনের যাবতীয় প্রচলিত পন্থার মধ্যে ভালোর তুলনায় মন্দটাই বেশী। তাই পাঠ্য তালিকা থেকে এসব প্রাচীন কাহিনী বাদ দিয়ে আমরা ভবিষ্যতের কার্যসূচী পড়াবার ব্যবস্থা করবো। পূর্ববর্তী শতাব্দীগুলোর যেসব ঘটনা আমাদের জন্য অবাঞ্ছিত সেগুলোর স্মৃতি মানুষের স্মৃতিপট থেকে মুছে দেবো। শুধু গইম সরকারের ভুল-ভ্রান্তির ইতিহাস তাদের স্মৃতিপটে জাগ্রত করে রাখার ব্যবস্থা করবো। বাস্তব কর্মজীবন সম্পর্কে চর্চা করা, প্রতিষ্ঠিত সমাজ ব্যবস্থার প্রতি দায়িত্ব পালন, জনগণের পারস্পরিক সম্পর্ক, দুষ্কৃতির বিস্তার সাধনকারী স্বার্থপর ও অন্যায় কার্যকলাপ থেকে বিরত থাকা ইত্যাদি ধরনের বিষয় আমাদের পাঠ্য তালিকার প্রথম সারিতে স্থান লাভ করবে।

তবে ভিন্ন ভিন্ন শিক্ষার্থীর মান ও অবস্থা ভেদে এসব বিষয় তাদের শিক্ষা দেয়া হবে। কোনক্রমেই সকল শিক্ষার্থীদের একই ধরনের শিক্ষা দেয়া হবে না। বিষয়টিকে এভাবে বিন্যস্ত করার বিশেষ প্রয়োজন রয়েছে।

প্রতিটি জীবনের গন্তব্যস্থল ও লক্ষ্যের পার্থক্য অনুসারে নির্দিষ্ট সীমারেখা মোতাবিক তার শিক্ষাদানের ব্যবস্থা করতে হবে। কখনও কখনও দু' একজন অতি প্রতিভাশালী ব্যক্তি অবশ্যই জীবনের এক অবস্থা ডিঙ্গিয়ে অপর অবস্থায় পৌছে যায়। তবু এ ধরনের দু' চারজন লোকের দরুন গোটা শিক্ষাব্যবস্থাটাকে সকল ধরনের লোকের সাধারণ প্রবেশ ক্ষেত্রে পরিণত করা নির্বোধের কাজ। কেননা, এর ফলে জন্মগত অধিকারে যারা উচ্চ মর্যদার হকদার তাদের সে মর্যাদা থেকে বঞ্চিত করে অবাঞ্ছিত লোকেরা তথায় পৌছে যাবে। গইম সমাজ এ ধরনের অবাস্তব পন্থা গ্রহণ করার ফলে তাদের যে দুর্দশা হয়েছে তা তোমাদের বিলক্ষণ জানা আছে। যিনি দেশ শাসন করেন, তাঁকে ক্ষমতার গদীতে মজবুত হয়ে বসতে হলে তাঁর পক্ষে সমগ্র জাতির নিকট হাট-বাজার ও শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে তাঁর চিন্তাধারা, কার্যকলাপ ও সদগুণাবলীর খবর পৌছানো অপরিহার্য।

আমরা জনশিক্ষা সম্পর্কিত যাবতীয় আযাদী হরণ করবো। সকল বয়সের শিক্ষার্থীদেরই তাদের মাতা-পিতাদের সঙ্গে বিদ্যালয়ে একত্রিত হবার অধিকার থাকবে ; যেভাবে কোন ক্লাবের সদস্যদের ক্লাবে যাবার অধিকার থাকে। ছুটির দিনগুলোতে সমবেত এসব শিক্ষার্থীদের সামনে আমাদের শিক্ষকগণ মানব জাতির পারস্পরিক সম্পর্ক, দৃষ্টান্ত স্থাপনের বিধি, অবচেতন সম্পর্কের সীমিত রূপ এবং বিশ্বের নিকট এযাবত অপ্রকাশিত নয়া মতবাদের দর্শন সম্পর্কে বক্তৃতা করবেন। আমাদের নিজস্ব মতবাদ পর্যন্ত পৌছানোর পূর্বে অন্তর্বর্তীকালীন সূত্র হিসেবে আমরা এসব বিষয় উত্থাপন করবো। আমাদের কার্যসূচীর বর্তমান

ও ভবিষ্যত রূপ ব্যাখ্যা করার পর এখন আমি তোমাদের এসব সূত্রের মূলনীতি সম্পর্কে বলবো।

এক কথায় আমরা শত শত বছরের অভিজ্ঞতা থেকে জানতে পেরেছি যে, মানুষ খেয়ালের বশে পরিচালিত হয় ও খেয়ালের নেশায়ই জীবনযাপন করে আর এসব খেয়াল মানুষের মন-মগজে শিক্ষার মাধ্যমেই বদ্ধমূল হয়ে যায়। বিভিন্ন ধরনের বৈচিত্রময় পদ্ধতিতে আমরা মানুষের স্বাধীন চিন্তার শেষ বিন্দুটুকু পর্যন্ত তাদের নিকট থেকে ছিনিয়ে নিয়ে মানুষগুলোকে আমাদের কাজে প্রয়োগ করবো। আর এ উদ্দেশ্য সামনে রেখেই সুদূর অতীত থেকে আমরা আমাদের ইপ্সিত মতবাদের দিকে মানব সমাজকে পরিচালনা করে আসছি। চিন্তাধারা নিয়ন্ত্রণ করার উদ্দেশ্যে আমরা ইতিমধ্যেই উদ্দেশ্যমূলক শিক্ষাদানের ব্যবস্থা জারী করেছি। এটা করার উদ্দেশ্য হালো, গইম সমাজকে চিন্তাশক্তিহীন অনুগত পশুর স্তরে নামিয়ে আনা যেন তাদের চোখের সামনে কোন কিছু পেশ না করা পর্যন্ত তারা নিজস্ব চিন্তার সাহায্যে কোন ধারণাই পোষণ করতে না পারে। ফ্রান্সে আমাদের একজন উত্তম বুর্জোয়া এজেন্ট ইতিমধ্যেই উদ্দেশ্যমূলক শিক্ষাদানের একটি নয়া কর্মসূচী জনসমক্ষে প্রচার করে দিয়েছে।

আইন ব্যবসা, ধর্ম ও গুপ্তচর বৃত্তি

ওকালতি। গইম পৌরহিত্যের প্রভাব। বিবেকের অবাধী। পোপীয় আদালত (Papal Court)। পুরোহিত কুলপতিরূপে ইহুদী বাদশাহ। প্রচলিত গীর্জার বিরুদ্ধে কিভাবে লড়তে হবে। সমসাময়িক প্রেসের ভূমিকা। পুলিশের সংগঠন। স্বেচ্ছাসেবী পুলিশ। গোয়েন্দাগিরি। ক্ষমতার অপব্যবহার।

ওকালতি পেশা মানুষকে নির্জীব, নিষ্ঠুর, নাছোড়বান্দা ও নীতি বিচ্যুত করে দেয়। তারা প্রতিটি ব্যাপারেই ব্যক্তিগত ভাল-মন্দের প্রশ্ন বাদ দিয়ে নিছক আইনগত দৃষ্টিভংগী অবলম্বন করে। তাদের বদ্ধমূল অভ্যাস মুতাবিক তারা প্রতিটি বিষয়েই প্রতিরক্ষা সম্পর্কিত মূল্য যাচাই করে এবং ফলাফল ও জনকল্যাণের প্রতি কোন গুরুত্ব আরোপ করে না। তারা যে কোন পক্ষ সমর্থন করতে কখনও অস্বীকার করে না। বরং আইনের সূক্ষ্মতম ফাঁক তালাশ করে বিচার শক্তিকে দুর্বল করে দেয় এবং অভিযুক্তদের নির্দোষী সাব্যস্ত করার জন্য সর্বশক্তি প্রয়োগ করাই তাদের স্বভাব। এ জন্যই আমরা এ পেশাটিকে অত্যন্ত সংকীর্ণ পরিসরে সীমিত করে দেবো যেন ঐ নির্দিষ্ট গণ্ডিতেই তাদের তৎপরতা সীমাবদ্ধ হয়ে থাকে। উকিলগণ বিচারকদের মতই মামলায় জড়িত পক্ষদ্বয়ের সঙ্গে সরাসরি যোগাযোগ করার অধিকার থেকে বঞ্চিত হবে। তারা আদালত গৃহেই মামলা গ্রহণ করবে এবং কাগজ-পত্র দেখে ও আদালত গৃহে মোয়াক্কেলদের পত্র দেখে প্রশ্নাদি জিজ্ঞেস করে পক্ষ সমর্থনের যুক্তি ঠিক করবে। মামলার আকার প্রকার নির্বিশেষে তাদের একটা পারিশ্রমিক দেয়া হবে।

এ ব্যবস্থা বিচারের সুবিধার্থে নিছক আইনগত বিষয়ে মতামত দান এবং বাদী পক্ষের কৌসুলীর উত্থাপিত অভিযোগের জবাব দান পর্যন্ত উকিলদের তৎপরতা সীমিত করে দেবে। ফলে আদালতে উকিলদের ব্যবসাও সংকুচিত হয়ে আসবে। এভাবেই সততার ভিত্তিতে বিদ্বেষভাব বর্জিত ওকালতির একটা নয়া পথ বের হয়ে আসবে। ব্যক্তিগত স্বার্থ এখানে কাজ করবে না বরং ন্যায় অন্যায়ের মানদণ্ডেই পক্ষ সমর্থন করা হবে। এ ব্যবস্থা উকিলদের ষড়যন্ত্রমূলক পারস্পরিক যোগাযোগের মাধ্যমে অধিক অর্থ প্রদানকারীর স্বপক্ষে আদালতের রায় হাসিল করার দুর্নীতিমূলক রীতি উচ্ছেদ করে দেবে।

গইম ধর্মগুরুদের বদনাম করে ধরা পৃষ্ঠে তাদের মতবাদকে অচল করে দেয়ার জন্য আমরা প্রাচীনকাল থেকেই চেষ্টা করে আসছি। নতুবা তারা

আমাদের পথে বাধা সৃষ্টি করতে পারতো। এখন অবস্থা এই যে, পৃথিবীর মানব সমাজে ধর্ম নেতা ও পুরোহিতদের প্রভাব প্রতিদিনই কমে আসছে। সর্বত্রই স্বাধীন চিন্তাধারার দাবী উঠেছে। তাই মাত্র কয়েক বছর পরই খৃষ্টানদের ধর্ম সম্পূর্ণরূপে বাতিল হয়ে যাবে। আর অন্যান্য ধর্মগুলোকে নিস্তনাবুদ করা আমাদের জন্য আরও সহজ হবে। তবে এ বিষয়ে এক্ষণি কিছু বলা সময়োচিত হবে না। ধর্মযাজক ও পাদ্রীদের কর্মক্ষেত্রকে আমরা এমন সংকীর্ণ করে দেবো যে, তাদের প্রভাব দিন দিন হ্রাস পেতেই থাকবে।

পোপীয় আদালতকে উচ্ছেদ করার সময় যখন আসবে তখন একটি অদৃশ্য হাত পৃথিবীর জাতিগুলোকে আঙ্গুলের ইশারায় এ আদালতটি দেখিয়ে দেবে। আর সাথে সাথে সে জাতিগুলো এর উপর ঝাঁপিয়ে পড়বে। আমরা তখন রক্ষাকর্তার ছদ্মবেশে এগিয়ে আসবো।

মানুষ মনে করবে অতিরিক্ত রক্তপাত বন্ধ করার জন্যই আমরা এগিয়ে এসেছি। এতে লাভ হবে এই যে, আমরা বিশ্বস্ততার সুযোগে এদের পাকস্থলীর ভেতরে ঢুকে পড়বো এবং পাকস্থলীর অভ্যন্তরীণ ব্যবস্থাপনাকে সম্পূর্ণ অকেজো করে দেয়ার পর বের হয়ে আসবো—তার আগে নয়। ইহুদী বাদশাহই প্রকৃত পোপ এবং আন্তর্জাতিক গীর্জার পুরোহিত কুলপতি হবেন।

কিন্তু এদিকে গতানুগতিক ধার্মিকতা সম্পর্কে আমরা নব্য সমাজকে শিক্ষাদান করবো এবং পরবর্তীকালে তাদের ইহুদী ধর্মে দীক্ষিত করবো। এ কাজ সাফল্যজনকভাবে করতে হলে আমরা কখনও প্রতিষ্ঠিত কোন গীর্জার উপর সরাসরি হস্তক্ষেপ করবো না। বরং আমরা ধর্ম ও গীর্জার বিরুদ্ধে সমালোচনার একটা অভিযান পরিচালনা করে নব্য সমাজকে ধর্ম ও গীর্জার প্রতি বিদ্বেষ ভাবাপন্ন করে তুলবো। তারপর আমাদের সংবাদপত্রগুলো সাধারণভাবে রাষ্ট্র সম্পর্কিত কার্যকলাপ, ধর্ম, গইমদের অযোগ্যতা ইত্যাদি বিষয়ে সমালোচনা চালিয়ে যাবে। আর এসব সমালোচনা এমন কায়দায় চালানো হবে, যার ফলে গইমদের মর্যাদা দিন দিন খাটো হতেই থাকবে। এসব কাজ সুপরিকল্পিতভাবে করা একমাত্র আমাদের জাতির পক্ষেই সম্ভব।

আমাদের ধর্মরাজ্য বিষ্ণুদেবের ঐশ্বরিক রাজ্যেরই নমুনা পেশ করবে। এ রাষ্ট্রের একশ'টি হাতের প্রতিটিতে সমাজযন্ত্রের এক একটি সূত্র থাকবে। আমরা সরকারী পুলিশ বাহিনীর সহায়তা ছাড়াই সকল বিষয় অবলোকন করতে পারবো। আর আমরা গইম রাষ্ট্রে পুলিশদের যেসব কর্তব্য নির্ধারণ করে দিয়েছি তার ফলে গয় শাসকগণ রাষ্ট্রীয় ব্যাপার সম্পর্কে সরাসরি কোন তথ্য অবগত হতে পারবে না।

আমাদের কার্যসূচী মুতাবিক রাজ্যের এক-তৃতীয়াংশ অধিবাসী অবশিষ্ট লোকদের তৎপরতা ও কার্যকলাপের উপর নজর রাখবে এবং রাষ্ট্রের খাতিরে

স্বেচ্ছা প্রণোদিত হয়েই তারা এ কাজ করবে। সে সময় গুপ্তচরবৃত্তি লজ্জার বিষয় বলে বিবেচিত হবে না বরং এ কাজ যারা করবে তারা কৃতিত্বের অধিকারী বলে সম্মানিত হবে। ভিত্তিহীন দোষারোপের জন্য কঠোর শাস্তির ব্যবস্থাও করা হবে যেন, ক্ষমতার অপব্যবহার করার প্রবণতা বিলুপ্ত হয়ে যায়।

আমরা উচ্চ ও নিম্ন সকল শ্রেণীর লোকদের মধ্য থেকেই আমাদের এজেন্ট বাছাই করে নেবো। এদের মধ্যে শাসন বিভাগের লোক থাকবে যারা আমোদ-স্ফূর্তিতে দিন কাটায়, সংবাদ পত্র সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক, পুস্তক বিক্রেতা, কেরানী, দোকানদার শ্রমিক, কোচম্যান (Coachman) ইত্যাদি সকল ধরনের লোকই আমাদের এজেন্ট বাহিনীতে সামিল থাকবে। আর এ বিরাট বাহিনীটি সম্পূর্ণরূপে কর্তৃত্বহীন থাকবে। স্বীয় ক্ষমতা বলে এ দলের এজেন্টগণ কারো বিরুদ্ধে কোন কিছু করার অধিকারী হবে না। এটাকে কর্তৃত্ব বিহীন পুলিশ বাহিনী বলা যায়। এদের কাজ হবে দেখা এবং যথাস্থানে রিপোর্ট (Report) পৌছিয়ে দেয়া।

রিপোর্টের সত্যতা যাঁচাই ও দোষীকে গ্রেফতার করার দায়িত্ব পুলিশ বিভাগ নিয়ন্ত্রণকারী একটি ক্ষুদ্র দলের উপর ন্যস্ত থাকবে। গ্রেফতারের কাজটি সম্পন্ন করবে সশস্ত্র পুলিশ অথবা মিউনিসিপ্যালিটির পুলিশ। যদি রাষ্ট্র কিংবা রাষ্ট্রের জনগণ সম্পর্কিত গুরুত্বপূর্ণ কোন কিছু দেখার পর এজেন্টদের কেউ রিপোর্ট গোপন করে তাহলে এ জন্যও তাকে দায়ী করা হবে এবং দোষী প্রমাণিত হলে শাস্তি দান করা হবে।

বর্তমানে আমাদের সম্প্রদায়ের সকলেই নিজ নিজ পরিবারের ধর্মদ্রোহীদের সম্পর্কে 'কাবাল'-এ (Kabal)* নিজেরাও রিপোর্ট দিয়ে থাকে। এমনকি 'কাবাল'-এর বিরুদ্ধে পরিবারের কোন সদস্যকেও কোন কিছু করতে দেখা গেলে এর রিপোর্ট যথাস্থানে দেয়া হয়। আমাদের রাজ্য স্থাপিত হলে এভাবেই সারা দুনিয়া আমাদের সকল প্রজাদের উপর পরস্পরের কার্যকলাপ দেখা এবং জরুরী বিষয়ে যথাস্থানে রিপোর্ট দেয়ার দায়িত্ব চাপানো হবে।

এ ধরনের একটি সংস্থা কায়েম করার ফলে ক্ষমতার অপব্যবহার, অযথা বলপ্রয়োগ, ঘুষ-রিশওয়াত ইত্যাদি বন্ধ হয়ে যাবে।

বর্তমান সময়ে অবশ্য আমাদেরই অতি মানবীয় দক্ষতার ফলে গইম সমাজে এসব দুর্নীতি জারী রয়েছে .... এ ছাড়া গইমদের প্রতিষ্ঠিত শাসন ব্যবস্থায় ভাঙ্গন ও বিশৃংখলাকে পুনরায় দুরস্ত করা এবং আমাদের রাজ্যকে গইম সমাজে প্রচলিত যাবতীয় দুর্বলতা থেকে মুক্ত রাখার জন্য এজেন্ট বাহিনী অত্যন্ত জরুরী গুরত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

---

* কাবাল (Kabal) ঃ ইহুদীদের গুপ্ত প্রতিষ্ঠান বিশেষ।

[আঠার]

রক্ষা ব্যবস্থার গুপ্ত রহস্য

গুপ্ত প্রতিরক্ষা ব্যবস্থা। ভেতর থেকে ষড়যন্ত্র পর্যবেক্ষণ। ইহুদী বাদশাহর গুপ্ত প্রতিরক্ষা ব্যবস্থা। কর্তৃপক্ষের অলৌকিক সম্মান। প্রথম সন্দেহে গ্রেফতারী।

গুপ্ত প্রতিরক্ষা ব্যবস্থাটিকে আরও মজবুত করার দরকার বোধ হলে (কর্তৃপক্ষের জন্য যা নাকি মারাত্মক বিষ স্বরূপ) আমরা একটা কপটতামূলক বিশৃংখলা সৃষ্টি করবো অথবা অসন্তুষ্টি জ্ঞাপক বিক্ষোভ প্রদর্শন করবো। এগুলো করার জন্য কিছু সংখ্যক ভাল বক্তার সহযোগিতা হাসিল করা হবে। বক্তাদের চারদিকে ঐসব লোক জমায়েত হবে যারা বক্তৃতায় পেশকৃত বিষয়গুলো সম্পর্কে সহানুভূতিশীল। এ অবস্থা সৃষ্টি হলে গইম পুলিশের মধ্যে আমাদের যেসব এজেন্ট রয়েছে তাদের সক্রিয় তৎপরতার সঙ্গে তদন্ত ও পর্যবেক্ষণ করার একটা বাহানা পাওয়া যাবে ....।

ষড়যন্ত্রকারীদের বেশীর ভাগই নিছক সখের বশে একাজ করে।

তাই যতক্ষণ পর্যন্ত তারা প্রকাশ্যভাবে আমাদের জন্য ক্ষতিকারক কোন কিছু করে না বসে, ততক্ষণ পর্যন্ত আমরা তাদের গায়ে হাত তুলবো না। শুধুমাত্র এদের প্রতি নজর রাখতে পর্যবেক্ষকদের ইঙ্গিত করবো। মনে রাখতে হবে যে, কর্তৃপক্ষের বিরুদ্ধে পুনঃপুনঃ ষড়যন্ত্র আবিষ্কৃত হলে কর্তৃত্বের মর্যাদা কমে যায়। এ ধরনের ঘটনার বার বার পুনরাবৃত্তি হলে কর্তৃপক্ষের দুর্বলতা অথবা যুলুম-নিষ্পেষণের সন্দেহ সৃষ্টি হয়। তোমরা জান যে, গয় রাজাদের মর্যাদা কমানোর জন্য আমরা এই পন্থাই গ্রহণ করেছিলাম। আমাদেরই এজেন্টদের দ্বারা বার বার এসব রাজ-রাজাদের জীবন নাশের চেষ্টা করিয়েছি। অন্ধ ভেড়ার দলকে দু' চারটি স্তোক বাক্যে যে কোন মারাত্মক ধরনের অপরাধের জন্যও প্রস্তুত করা যায়। শুধু অপরাধটিকে রাজনৈতিক রঙ্গে রঞ্জিত করে দিতে হয়।

বর্তমান শাসকদের গুপ্ত রক্ষা ব্যবস্থা সম্পর্কে প্রকাশ্য বিজ্ঞপ্তি প্রচার করে আমরা তাদের দুর্বলতা স্বীকার করে নিতে বাধ্য করেছি এবং এ পথেই আমরা তাদের শাসন ব্যবস্থা খতম করে দেবো।

আমাদের শাসককে গুপ্তভাবে খুবই সাধারণ ধরনের পাহারায় হেফাজত করা হবে। কেননা, আমরা এটা স্বীকার করবো না যে, আমাদের শাসকের

বিরুদ্ধে কোন বিদ্রোহ হতে পারে অথবা যদিও হয় তবে তিনি তা প্রতিরোধ করতে অক্ষম। আর তাঁর আত্মগোপন করে থাকার কোন প্রয়োজনীয়তা আছে বলেও আমরা স্বীকার করবো না।

গইমদের মত আমরাও যদি এ ধরনের দুর্বলতার প্রশ্রয় দেই তাহলে আমরা নিজেরা নিজেদের মৃত্যুদণ্ডের পথ খোলাসা করবো। হয়ত বা যিনি শাসক, তিনি এ ভুল করার পরও দৈবক্রমে রক্ষা পেয়ে যেতে পারেন।

কিন্তু ঐ অবস্থায় তার স্থলাভিষিক্ত পরবর্তী বংশধরকে অনিবার্যরূপে ঐ পরিণতির মুকাবিলা করতে হবে।

আমাদের শাসনব্যবস্থার যে বাহ্যিক রূপটি অতি সযত্নে সকলের সামনে তুলে ধরা হয়েছে তা হচ্ছে এই যে, আমাদের শাসক তার নিজের বা বংশের কল্যাণের খাতিরে কোন কিছুই করবেন না। যা যা করবেন সবই জাতির জন্য। এ জন্যই তাঁর শাসন কর্তৃত্ব সর্বত্র সমাদৃত হবে এবং জনগণ স্বতঃস্ফূর্তভাবে তাঁর হেফাজত করবে এবং তাঁর নিরাপত্তা জনগণের কল্যাণ ও তরক্কীর জন্য জরুরী বিবেচিত হবে।

প্রকাশ্য রক্ষা ব্যবস্থা শাসকের দুর্বলতাই প্রকাশ করে।

আমাদের শাসক সর্বদাই একদল লোক দ্বারা পরিবেষ্টিত থাকবেন। বাহ্যত এদেরকে কৌতুহলী নর-নারী বলে মনে হবে। তারা সম্মুখ দিকে অবস্থান করে পেছনের লোকগুলোকে নিয়ন্ত্রণ করবে। বাহ্যদৃষ্টিতে এদের সকলকেই আকস্মিক এবং অপরিকল্পিত মনে হবে। এর ফলে অপরাপর লোকদের মধ্যে সংযত হয়ে চলার অভ্যাস হবে। যদি কোন আবেদনকারী শাসকের হাতে কোন দরখাস্ত দিতে চায় প্রথম সারির লোকগুলোই দরখাস্তটি গ্রহণ করবে এবং আবেদনকারীর চোখের সামনেই তা শাসনকর্তার হাতে তুলে দেবে। জনসাধারণ বুঝতে পারবে যে, তাদের দরখাস্ত শাসনকর্তার হাতে পৌছে গেছে—আর প্রথম সারির লোকগুলো শৃংখলা রক্ষাকারী মাত্র। শাসন ক্ষমতা দীর্ঘস্থায়ী করার জন্য এমন একটা পরিবেশ সৃষ্টি করার দরকার যাতে জনগণ বিভিন্ন সময়ে বলে, "রাজা যদি এ বিষয়টি জানতে পারতেন।" অথবা "রাজা এটা শুনবেন।"

সরকারী পর্যায়ে গুপ্ত রক্ষা ব্যবস্থা প্রতিষ্ঠার পর কর্তৃপক্ষের অলৌকিক মর্যাদার ধারণা দূরীভূত হয়। বিদ্রোহের সূত্রপাতকারী তার শক্তি সম্পর্কে সজাগ থাকে এবং সুযোগ আসা মাত্রই শাসন কর্তৃপক্ষের উপর ঝাঁপিয়ে পড়ার জন্য সর্বদা ওঁৎ পেতে বসে থাকে ....।

গইমদের জন্য আমরা ভিন্ন ধরনের নীতি প্রচার করে থাকি। কিন্তু প্রকাশ্য রক্ষা ব্যবস্থার ফলে তারা কোন্ পর্যায়ে এসে দাঁড়িয়েছে তা আমরা পরিষ্কার

দেখতে পাচ্ছি। যেসব অপরাধী ব্যক্তি বর্তমানে আমাদের স্বপক্ষে কাজ করছে তাদের সর্বপ্রথমেই গুরুতর ধরনের সন্দেহে গ্রেফতার করা হবে। সন্দেহবশত গ্রেফতারীতে কিছু ভুল করার সম্ভাবনা রয়েছে। কিন্তু এ ভুলের আশংকায় রাজনৈতিক অপরাধীদের অব্যাহতি লাভের সুযোগ দেয়া যেতে পারে না। এসব বিষয়ে আমরা নির্মম ব্যবহার করবো। সাধারণ অপরাধজনিত কোন বিষয়ে অপরাধের উদ্দেশ্য সম্পর্কে পুনর্বিবেচনা করা যেতে পারে। কিন্তু যেসব বিষয় গভর্নমেন্ট ছাড়া অন্য কারো পক্ষে কিছুই বুঝা সম্ভব নয় সেসব বিষয় নিয়ে হৈচৈ সৃষ্টিকারীদের কিছুতেই মাফ করা হবে না ... আর সকল গভর্নমেন্ট কৌশলে কাজ করার কায়দাও জানে না।

[উনিশ]

রাজনীতিকদের হয়রানী

আবেদন ও প্রকল্প পেশ করার অধিকার। বিদ্রোহ। রাজনৈতিক অপরাধের অভিযোগ। রাজনৈতিক অপরাধের প্রচারণা।

যদিও আমরা রাজনৈতিক বিষয়াবলীতে সকলের অবাধে নাক গলানো বরদাশত করবো না তথাপি আমরা রিপোর্ট, আবেদন ও প্রস্তাবাদি পেশ করার জন্য সকলকে উৎসাহ দেব। আমরা তাদের মনে এরূপ ধারণা সৃষ্টি করবো যে, জনগণের অবস্থা সম্পর্কে রিপোর্ট, আবেদন ও প্রস্তাবাদি আমাদের নিকট পেশ করলে আমরা তা যাচাই করে দেশের কল্যাণ সাধনে সচেষ্ট হবো। এসব আবেদন ও প্রস্তাবাদির মাধ্যমে আমরা আমাদের দুর্বলতা ও জনগণের মনোভাব বুঝতে পারবো। তারপর এর দোষ-ত্রুটি সংশোধন করে নতুবা জোড়াল ভাষায় আত্মপক্ষ সমর্থন করে এদের জবাবদান করতে পারবো।

মানুষের কোলে শায়িত কুকুরের পক্ষে হাতীর উদ্দেশ্যে ঘেউ ঘেউ করা যেমন অর্থহীন, আমাদের বিরুদ্ধে বিদ্রোহের উস্কানী দানও ঠিক তেমনি। জনগণের সমর্থনপুষ্ট একটি প্রতিষ্ঠিত সরকারের বিরুদ্ধে বিদ্রোহের উস্কানীদাতা নিজের ও সরকারের ক্ষমতা সম্পর্কে অজ্ঞ। ঠিক যেভাবে কুকুর হাতীর ক্ষমতা সম্পর্কে অজ্ঞ। তাই সুযোগ সুবিধামত উভয়েরই গুরুত্ব ও শক্তি জানাজানি হয়ে গেলে কুকুর হাতী দেখা মাত্রই ভয়ে চোখ বন্ধ করে ফেলবে। ঘেউ ঘেউ করার সাহস আর তার থাকবে না।

রাজনৈতিক অপরাধীদের বীরত্বজনিত সুনাম নষ্ট করার জন্য আমরা তাদের চুরি, হত্যা, খুন-জখম ইত্যাদি ধরনের অভিযোগের বিচার করবো। ফলে, জনগণ বিভ্রান্ত হয়ে যাবে এবং সাধারণ চোর-ডাকাতদের মতই রাজনৈতিক অপরাধীদের ঘৃণা করবে।

গইম সমাজ যেন বিদ্রোহের মুকাবিলা করতে সক্ষম না হয় ; সে জন্য আমরা সাধ্যমত চেষ্টা করেছি এবং আশা করি এ চেষ্টা সফলও হয়েছে। এ উদ্দেশ্যেই পরোক্ষভাবে সংবাদপত্র ও বক্তৃতার মাধ্যমে আর সুচতুরভাবে সাজানো স্কুল পাঠ্য ইতিহাসের ভেতর দিয়ে আমরা প্রচার করে দিয়েছি যে, বিদ্রোহকে উৎসাহদানকারীরাই সাধারণ মানুষের কল্যাণের নামে মরণের পথ বাছাই করে নিয়েছে। এ প্রচারণার ফলে উদারতাবাদীদের সংখ্যা বেড়েছে এবং আরও হাজার হাজার গইম আমাদের গৃহপালিত পশু শ্রেণীতে পরিণত হয়েছে।

[বিশ]

অর্থনৈতিক চালবাজী

অর্থনৈতিক কার্যসূচী। প্রগতিশীল কর। হিসাবের পদ্ধতি। স্বর্ণ মান। কর্মরত জনশক্তির মান। বাজেট। রাষ্ট্রীয় ঋণ।

আজ আমরা অর্থনৈতিক কার্যসূচী সম্পর্কে আলোচনা করবো। এটা আমাদের পরিকল্পনা বাস্তবায়নের ব্যাপারে সিদ্ধান্তকারী শীর্ষস্থানীয় এবং অত্যন্ত কঠিন বিষয় বিধায় এটাকে আমি আলোচনার শেষের দিকে উত্থাপন করছি। এ আলোচনায় প্রবৃত্ত হবার পূর্বে আপনাদেরকে স্মরণ করিয়ে দেব যে, ইতিপূর্বে আভাসদান প্রসঙ্গে আমি উল্লেখ করেছি, আমাদের তৎপরতার ফলাফল অংকের হিসেবেই স্থিরীকৃত হবে।

আমাদের রাজ্য প্রতিষ্ঠা লাভ করার পর আমাদের স্বৈরতান্ত্রিক সরকার আত্মসংরক্ষণের খাতিরেই জনগণকে করভারে জর্জরিত করার নির্বুদ্ধিতা পরিহার করবে। কেননা এ সরকার পিতা ও রক্ষকের ভূমিকা পালন করবে। কিন্তু যেহেতু রাষ্ট্র সংগঠন খুবই ব্যয় সাপেক্ষ, সে জন্য এর পরিচালনার জন্য প্রয়োজনীয় অর্থসংগ্রহ করা ছাড়া উপায় নেই। কাজেই এ সরকারকে বিশেষ সতর্কতা সহকারে এ বিষয়ে ভারসাম্য স্থাপনের চেষ্টা করতে হবে।

আমাদের শাসন ব্যবস্থার শাসনকর্তা আইন সংগতভাবেই বিশ্বাস করবেন যে, রাজ্যের সবকিছুই তাঁর মালিকানাধীন। আর বিশ্বাসকে ইচ্ছা করলেই বাস্তবায়িত করা যায়। তাই আমাদের শাসন ব্যবস্থাকে রাষ্ট্রের সর্বত্র সম্পদের আবর্তনের উদ্দেশ্যে সকল প্রকারের অর্থ-সম্পদ বাজেয়াপ্ত করার ক্ষমতা দেয়া হবে। এরপর সম্পদের উপর প্রগতিশীল পন্থায় কর ধার্য করার নীতি অবলম্বন করা হবে। এ পন্থায় সম্পদের মোট মূল্যের একটা শতকরা অংশ কর হিসেবে নির্ধারণ করা হবে এবং এর ফলে করদাতাকে অতিরিক্ত করভারে জর্জরিত হতে হবে না এবং তাদের সম্পত্তি বিনষ্টও হবে না। ধনীদের উপলব্ধি করা উচিত যে, তাদের বিপুল সম্পদ থেকে কিছু অংশ রাষ্ট্রের হাতে তুলে দেয়া জরুরী। বিনিময়ে রাষ্ট্র তাদের অবশিষ্ট সম্পদে তাদের নিরাপদ মালিকানার নিশ্চয়তা দান করবে এবং সদুপায়ে সম্পদ উপার্জন করার পথও তাদের জন্য অবারিত থেকে যাবে।

সমাজ পুনর্গঠন সম্পর্কিত কাজের সূচনা উপর থেকেই হতে হবে। আর এখনি এ কাজের জন্য উপযুক্ত সময় এবং শান্তির জামানত হিসেবে এটা অপরিহার্য।

গরীব প্রজাদের উপর ধার্যকৃত কর বিপ্লবের বীজ স্বরূপ এবং এটাই রাষ্ট্র স্বার্থের বিপরীত তৎপরতার প্রেরণা সৃষ্টি করে। কর ধার্যকারী রাষ্ট্র এ জন্যই তিলের স্বার্থে তাল হারায়। এ ব্যবস্থা থেকে সম্পূর্ণ স্বতন্ত্র হচ্ছে পুঁজিপতিদের উপর কর ধার্য করণ। এতে ব্যক্তিগত মালিকানার সম্পদ পুঞ্জীভূত হয়ে উঠে না। বর্তমানে অবশ্য গইম রাষ্ট্রকে বরবাদ করার উদ্দেশ্যে আমরা পুঁজিবাদীদেরই স্বপক্ষে রয়েছি।

মোট সম্পদের মূল্যের উপর শতকরা আনুপাতিক হারে কর ধার্য করার ফলে রাষ্ট্রের আয় ব্যক্তি ও সম্পত্তির উপর ধার্যকৃত করের তুলনায় অনেক বেশী হবে। অবশ্য কর ধার্য করার বর্তমান নীতি আমাদের জন্য সুবিধাজনক। আমরা এটাকে সম্বল করেই জনসাধারণকে ক্ষেপিয়ে গোলযোগ সৃষ্টি করার সুযোগ পাচ্ছি।

আমাদের বাদশাহর শাসন ব্যবস্থা স্থিতীশীল করার জন্য সর্বত্র ভারসাম্য স্থাপন এবং শান্তিপূর্ণ পরিবেশের নিশ্চয়তা বিধান অত্যন্ত জরুরী। আর এ দু'টো উদ্দেশ্য পূর্ণ করার জন্যই পুঁজিপতিদের সম্পদ থেকে একটা মোটা অংশ রাষ্ট্রযন্ত্রের নিরাপদ পরিচালনার কাজে ব্যয়িত হওয়া অপরিহার্য। রাষ্ট্রের প্রয়োজন শুধু তারাই পূরণ করবে যাদের জন্য এটা বোঝা স্বরূপ হয়ে দাঁড়াবে না।

এতে ধনীদের প্রতি দরিদ্রের যে ঘৃণা রয়েছে তাও দূর হয়ে যাবে। কারণ, তারা দেখতে পাবে যে, ধনী ব্যক্তিরা রাষ্ট্রের অর্থনৈতিক প্রয়োজন পূরণ করছে এবং সামাজিক শান্তি বহাল রাখার চেষ্টা তদবির করছে।

শিক্ষিতকরদাতাগণ যেন নয়া কর প্রদানের দরুন ক্লেশবোধ না করে সে জন্য সংগৃহীত করের ব্যয় খাত সম্পর্কে তাদের জানিয়ে দিতে হবে। অবশ্য সিংহাসন ও শাসনতান্ত্রিক সংস্থাগুলোর খরচ সম্পর্কিত তথ্যাবলী জানানো হবে না।

শাসনকর্তার কোন ব্যক্তিগত সম্পত্তি থাকবে না। কেননা, রাষ্ট্রপ্রধান দেশের সকলেরই পিতৃতুল্য এবং এ জন্যই সকলের সম্পদই তাঁর সম্পদ। অন্যথায় পরস্পর বিপরীত ব্যবস্থা একত্রিত করার চেষ্টা হবে। সকলের সম্পদে যার অধিকার স্বীকৃতি লাভ করে তার নিজের ব্যক্তিগত সম্পদ হিসেবে কিছু থাকা অসম্ভব। আবার ব্যক্তিগত সম্পদের মালিক হয়ে সকলের সম্পদে অধিকার প্রাপ্তিও অসঙ্গত।

শাসনকর্তার আত্মীয়-স্বজন এবং সম্ভাব্য উত্তরাধিকারীদের রাষ্ট্রীয় তহবিল থেকে প্রতিপালন করা হবে। কিন্তু তাদের হয় অন্যান্য কর্মচারীদের মত কাজ করতে হবে। অথবা সম্পত্তির মালিকানা অর্জনের জন্য পরিশ্রম করতে হবে। রাজত্বের গৌরবে তাদের জন্য রাজকোষের অর্থ অকারণে অপচয় করা চলবে না।

সম্পত্তি ক্রয়, অর্থ প্রাপ্তি অথবা উত্তরাধিকারী সাব্যস্ত হবার জন্য ষ্ট্যাম্প কর দিতে হবে। যদি ষ্ট্যাম্প ট্যাক্স ছাড়া অর্থ বা কোন সম্পত্তি হস্তান্তরিত হয় তবে তা ধরা পড়ার পর সম্পদের পূর্ববর্তী মালিককে উক্ত কর সুদসহ পরিশোধ করতে হবে। হস্তান্তরের দিন থেকে শুরু করে ধরা পড়ার দিন পর্যন্ত সুদ হিসেব করা হবে। সম্পদ হস্তান্তরের দলিল প্রতি সপ্তাহেই ট্রেজারী অফিসে পেশ করতে হবে এবং ক্রেতা ও বিক্রেতার নাম, ঠিকানা ইত্যাদি উল্লেখ করে একটি নোটিশ দিতে হবে। নাম রেজিষ্ট্রীসহ এ হস্তান্তর ক্রয় ও বিক্রয় বাবদ প্রয়োজনীয় খরচের চেয়ে বেশী পরিমাণ একটি সুনির্দিষ্ট অংক থেকে কার্যকরী হবে এবং উক্ত অংক সম্পত্তির মোট মূল্যের উপর শতকরা হারে নির্ধারিত হবে। আর ষ্ট্যাম্পের মাধ্যমে এটা পরিশোধ করতে হবে।

এ ধরনের কর কতগুণ আদায় হলে পর গইম রাষ্ট্রের রাজস্ব আয়ের সমপরিমাণ হবে তা হিসেব করে দেখতো।

সরকারী রাজস্ব বিভাগে সুনির্দিষ্ট পরিমাণ অর্থ সর্বদা সংরক্ষিত থাকবে। সংরক্ষিত পরিমাণের অতিরিক্ত যে অর্থ সংগৃহীত হবে তা আবর্তনের জন্য বাজারে ছেড়ে দেয়া হবে। আর এ অর্থ দ্বারাই জনকল্যাণমূলক কাজের প্রোগ্রাম তৈরী হবে। রাষ্ট্র পরিচালকদের পক্ষ থেকে জনহিতকর কাজের সূচনা হলে মেহনতি মানুষ রাষ্ট্র এবং এর পরিচালকদের সাথে গভীরভাবে জড়িত হয়ে পড়বে। এ তহবিল থেকেই একটা অংশ নূতন কিছু আবিষ্কার করার এবং উৎপাদন বাড়ানোর জন্য বরাদ্দ করা হবে।

কোন কারণেই নির্দিষ্ট পরিমাণের অতিরিক্ত কোন অর্থ রাষ্ট্রীয় কোষাগারে জমা করে রাখা চলবে না। কেননা, আবর্তনের জন্যেই অর্থের প্রয়োজন। অর্থ অকেজো অবস্থায় জমা হয়ে থাকার ফলে রাষ্ট্র পরিচালনার কাজে ধ্বংসাত্মক ক্ষতি সাধিত হয়। অর্থ হচ্ছে রাষ্ট্রযন্ত্রের তৈল। তৈলের অভাবে যেমন মেশিন অচল, তেমনি অর্থের আবর্তন বন্ধ হলে রাষ্ট্রযন্ত্র বিকল। নগদ মুদ্রা বিনিময়ের স্থলে সুদভিত্তিক কাগজী আদান-প্রদান অর্থের আবর্তন বন্ধ করে দিয়েছে এবং ইতিমধ্যেই এর অনেক কুফল প্রকাশ পেয়েছে।

আমরা হিসাবপত্রেরও একটা নয়া দফতর খুলে দেবো। আমাদের শাসনকর্তা এ দফতরে যে কোন সময় যাবতীয় আয় ও ব্যয়ের হিসেব পরীক্ষা

করে দেখতে পারবেন। তবে চলতি মাসের হিসেব এর মধ্যে থাকবে না —কেননা, মাসটি এখনও শেষ হয়নি। আর এর পূর্ব মাসের হিসেবও থাকবে না, কারণ হিসাব-পত্র তখনও দফতরে পৌছেনি।

রাষ্ট্র তহবিল থেকে অর্থ অপহরণ করার ব্যাপারে যার কোনই লোভ থাকতে পারে না, তিনিই হবেন মালিক বা শাসনকর্তা। তাই তাঁর ব্যক্তিগত নিয়ন্ত্রণে সম্পদের অপচয় ও অপহরণ বন্ধ হতে বাধ্য। বিভিন্ন ধরনের অভ্যর্থনা অনুষ্ঠানে যোগদান করার দরুন রাষ্ট্র প্রধানের অনেক সময় অহেতুক নষ্ট হয়ে যায়। এ জন্য আমরা এসব অনুষ্ঠান বন্ধ করে দেবো যেন শাসনকর্তা রাষ্ট্রযন্ত্রকে নিয়ন্ত্রণ ও পরিচালনার জন্য বেশী সময় নিয়োগ করতে পারেন।

তাঁর শাসন ক্ষমতা বিভিন্ন অংশে বিভক্ত করে এমন সব লোকদের হাতে তুলে দেয়া হবে না, যারা জাঁক-জমক দেখবার উদ্দেশ্যে শাহী তখ্‌তের আশেপাশে ঘোরাফেরা করে এবং নিজেদের স্বার্থের চিন্তায় মগ্ন থাকে।

মুদ্রার আবর্তন বন্ধ করে দিয়েই আমরা গইমদের রাজ্যে অর্থনৈতিক অচলাবস্থা সৃষ্টি করেছি। বিপুল পরিমাণ পুঁজি রাষ্ট্রীয় তহবিল থেকে তুলে নিয়ে পুঞ্জীভূত করে রাখা হয়েছে এবং রাষ্ট্র পুনঃপুনঃ এ পঞ্জীভূত অর্থ থেকে ঋণ গ্রহণের আবেদন করতে বাধ্য হচ্ছে। এসব ঋণ সুদের ভারে রাষ্ট্রীয় অর্থনীতিতে বোঝা সৃষ্টি করেছে এবং দেশের জনগণকে পুঁজির কেনা-গোলামে পরিণত করেছে। ক্ষুদ্র কুটির শিল্প মালিকদের হাত থেকে ছিনিয়ে নিয়ে শিল্প কারখানা বড় বড় পুঁজিপতিদের হাতে তুলে দেয়ার ফলে জনসাধারণ ও রাষ্ট্রের সকল রক্ত পুঁজিপতিদের হাতে চলে গিয়েছে।

বর্তমানে যে হারে মুদ্রা বাজারে ছাড়া হয় তা কিছুতেই মাথা পিছু প্রয়োজনের সঙ্গে সঙ্গতি রক্ষা করতে পারে না এবং এ জন্য শ্রমিক শ্রেণীর প্রয়োজন অপূরণ থাকতে বাধ্য। অর্থ ইস্যুর (Issue) পরিমাণ ক্রমবর্ধমান জনসংখ্যার সঙ্গে সঙ্গতিশীল হওয়া দরকার এবং শিশুদেরও সম্পদ ব্যবহারকারী হিসেবে গণনা করে তদনুসারে অর্থের পরিমাণ বাড়ানো প্রয়োজন। তাই বাজারে অর্থ ছাড়ার দুনিয়া ব্যাপী বর্তমান নীতি পরিবর্তন করা অত্যন্ত জরুরী।

তোমরা অবগত আছো যে, স্বর্ণকে আদান-প্রদানের মাধ্যম হিসেবে পরিগণিত করার নীতি রাষ্ট্রগুলোকে ধ্বংস করে দিয়েছে। কেননা, আমরা বাজার থেকে স্বর্ণ উধাও করে দিয়ে এমন অবস্থা সৃষ্টি করেছি যে, অবশিষ্ট স্বর্ণ সমাজের অর্থনৈতিক প্রয়োজন পূরণ করতে ব্যর্থ হয়েছে।

গইমদের অর্থনৈতিক সংস্থা ও পরিকল্পনার যে যে অংশ আমরা পরিবর্তন করবো সেগুলোর উপর এমন চাকচিক্যময় পোশাক-পরিচ্ছদ পরিয়ে দেবো যে,

কেউ ঘুণাক্ষরেও তা বুঝতে পারবে না। গইম সমাজ যেসব বিশৃংখলা ও অনিয়মতান্ত্রিকতার দরুন দুর্দশার সম্মুখীন হয়েছে, সেগুলো আমরা উল্লেখ করছি। তাদের প্রথম বিশৃংখলা হচ্ছে, রাষ্ট্রের বাজেট। গয়রাষ্ট্র বছরের পর বছর একই ধরনের বাজেট প্রণয়ন করে। কিন্তু নিম্ন কারণে তার কলেবর ক্রমেই বৃদ্ধি পেতে থাকে ঃ প্রণীত বাজেটে গয়ষ্টেট মাত্র ছয় মাসকাল টানাটানি করে কাজ চালায়। তারপর তারা অপর একটি বাজেট প্রণয়ন করে। এর দ্বারাও তিন মাস চলে। পুনরায় একটি অতিরিক্ত বাজেট প্রণয়ন করা হয়। এভাবে পূর্ব প্রণীত বাজেট সম্পূর্ণরূপে অকেজো প্রমাণিত হয়। পরবর্তী বছর পূর্ব অভিজ্ঞতার দরুন অন্তত শতকরা ৫০ ভাগ খরচ বাড়িয়ে বাজেট তৈরী করা হয়। কিন্তু তাও ব্যর্থ হয়। এভাবে দশ বছর সময়ের মধ্যে গয় রাষ্ট্রের বাজেট তিনগুণ বড় হয়ে যায়। গয় রাষ্ট্রের পরিচালকদের এ অসতর্কতার দরুন তাদের অর্থভাণ্ডার আজ শূন্য। গৃহীত ঋণ শোধ করার তারিখ অতিক্রান্ত হয়েছে এবং ঋণ তাদের মূলধন গ্রাস করে চলেছে। আর এভাবে গয় রাষ্ট্র দেউলিয়ার পর্যায়ে নেমে এসেছে।

তোমরা ভালভাবেই বুঝতে পারছ, আমাদের প্ররোচনায়ই গইম রাষ্ট্র এ ধরনের অর্থনৈতিক ব্যবস্থা গ্রহণ করেছে। আমাদের রাষ্ট্রে কখনও এ দেউলিয়া অর্থনীতি প্রশ্রয় লাভ করবে না।

ঋণ করার অর্থই হচ্ছে দুর্বলতা এবং রাষ্ট্রের দায়িত্ব সম্পর্কিত জনগণের অভাব। ডেমোক্লোসের[১] তরবারীর মতই শাসকদের মাথার উপর ঋণের বোঝা ঝুলতে থাকে। শাসনকর্তা অস্থায়ী করের মাধ্যমে অল্প অল্প পরিমাণ ঋণ শোধ করার পরিবর্তে প্রসারিত হাতে আমাদের ব্যাংক মালিকদের নিকট ভিক্ষা প্রার্থী হয়। এবং বিদেশী ঋণ জোঁকের মত রাষ্ট্র দেহে বসে গইমদের রক্ত শোষণ করে যায়। যতক্ষণ না এ জোঁক নিজে নিজেই সরে যায়, কিংবা রাষ্ট্র একে টেনে জোর করে দেহ থেকে আলাদা না করে ততক্ষণ পর্যন্ত জোঁকের শোষণ থেকে মুক্তির কোন সম্ভাবনা নেই।

গয় রাষ্ট্রগুলো কখনও এ জোঁককে দেহ থেকে জোর করে বিচ্ছিন্ন করতে পারে না। বরং তারা দেহের উপর আরও জোঁক বসাতে থাকে। তাই তাদের স্বেচ্ছায় রক্ত দানের এ পন্থা গয় রাষ্ট্রকে মরণের পথে ঠেলে নিয়ে যায়।

ঋণ প্রকৃতপক্ষে কোন্ বস্তু ? বিশেষ করে বিদেশী ঋণ ? ঋণ হচ্ছে একটা বিনিময় সংক্রান্ত বিল। এ বিলে আসল অর্থের পরিমাণের উপর আনুপাতিক হারে অতিরিক্ত অর্থ পরিশোধ করার বাধ্যবাধকতা থাকে। যদি সুদের হার ৫% হয় তাহলে ঋণ গ্রহণকারী রাষ্ট্র ২০ বছর সময়ে নিরর্থক আসল ঋণের সমান

---

১. গ্রীক দেবতা।

পরিমাণ টাকা সুদ হিসাবে দিতে বাধ্য হয়। ৪০ বছরে দ্বিগুণ এবং ৬০ বছরে তিনগুণ সুদ পরিশোধ করা হয় অথচ আসল ঋণের অংক তখনও বহাল থাকে।

এ হিসেব থেকে দেখা যাবে যে, রাষ্ট্র বিদেশী ঋণ গ্রহণ করার পর ঋণ-দাতাদের দেনা পরিশোধ করতে গিয়ে দেশের দরিদ্র করদাতাদের কষ্টার্জিত মুদ্রার প্রতিটি পয়সা বিদেশী পুঁজিপতিদের কোষাগারে পাঠিয়ে দিচ্ছে। এমনকি করদাতাদের দেয়া অর্থ তাদের কল্যাণে দেশের অভ্যন্তরে খরচ করাও সম্ভব হচ্ছে না।

যতদিন ঋণ আভ্যন্তরীণ ক্ষেত্রে সীমাবদ্ধ ছিল ততদিন গইমেরা অর্থকে দরিদ্রের পকেট থেকে বের করে নিয়ে এসে ধনীদের পকেট ভর্তি করেছে মাত্র ; কিন্তু আমরা যখন ঋণ গ্রহণের ব্যাপারটিকে আভ্যন্তরীণ ক্ষেত্র থেকে বর্হিজগতের দিকে ঘুরিয়ে দিলাম তখন থেকেই গইম রাষ্ট্রের সম্পদ নদীস্রোতের মত বয়ে এসে আমাদের তহবিল ফাঁপিয়ে দিচ্ছে।

গয় রাজাদের রাষ্ট্র পরিচালনা সংক্রান্ত ভাসা ভাসা জ্ঞান, তাদের মন্ত্রীদের দুর্নীতিপরায়ণতা এবং শাসনকার্যে নিয়োজিত অন্যান্যদের অর্থনীতি সংক্রান্ত অজ্ঞতা গয়দেশগুলোকে আমাদের এত বিপুল পরিমাণে ঋণী করে দিয়েছে যে, কখনও তারা তা শোধ করতে পারবে না। তাদের এ অবস্থায় পৌছানোর জন্যে আমাদের যথেষ্ট অর্থও বিনিয়োগ করতে হয়েছে।

আমরা কখনও অর্থ-সম্পদের আবর্তন বন্ধ করে পুঞ্জীভূত করা বরদাশত করবো না। এ জন্যই রাষ্ট্র কর্তৃক কোন সুদী কাগজ জারী করা হবে না। তবে শতকরা মাত্র একের হারে কিছু কাগজ চলতে পারবে। এ পদক্ষেপের ফলে রক্ত পিপাসু জোঁক রাষ্ট্রের সমগ্র শক্তি শোষণ করে নেয়ার সুযোগ পাবে না। সুদী কাগজ জারী করার অধিকার একমাত্র শিল্প প্রতিষ্ঠানগুলোকে দেয়া হবে। কারণ, লাভের অংক থেকে সুদ পরিশোধ করা তাদের পক্ষে মোটেই কঠিন হবে না। অপর দিকে রাষ্ট্র কখনও ঋণ গ্রহণ করে শিল্প প্রতিষ্ঠানগুলোর মত সুদ আদায় করতে পারে না। কেননা, রাষ্ট্র নিজের কাজে খরচ করার জন্য ঋণ গ্রহণ করে—ব্যবসা করার জন্য নয়।

শিল্প প্রতিষ্ঠানের কাগজ (ঋণপত্র) গভর্নমেন্টও খরিদ করবে এবং ঋণ গ্রহণ করার পরিবর্তে ঋণদান করবে। আর এর ফলে অর্থের এক স্থানে পুঞ্জীভূত থাকা বন্ধ হবে এবং পরজীবী মুনাফাখোরী ও অলসতা দূর হয়ে যাবে। অবশ্য গইম সমাজ যতদিন স্বাধীন ছিল ততদিন তাদের মধ্যে এসব দোষ থাকা আমাদেরই জন্য সুবিধাজনক ছিল। কিন্তু আমাদের শাসন ব্যবস্থায় এসব দোষ কিছুতেই প্রশ্রয় পাবে না।

গইমদের পশু সদৃশ্য মগজ চিন্তাশক্তির দিক থেকে কি পরিমাণ অনুন্নত তা তাদের ঋণ গ্রহণ নীতি থেকে পরিষ্কার বুঝা যায়। এরা আমাদের নিকট থেকে সুদী ঋণ গ্রহণ করার সময় একবার চিন্তা করেও দেখে না যে, ঋণের সবটুকু টাকা এবং এর সুদ স্বরূপ আরও অতিরিক্ত পরিমাণ টাকা তাদেরই পকেট থেকে বের করে আমাদের হাতে তুলে দিতে হবে। অথচ যাদের পকেট থেকে আসল টাকা ও সুদ বের করে নিয়ে এসে আমাদের শোধ করবে— তাদেরই পকেট থেকে ঋণ গ্রহণ করা কি তাদের জন্য সহজতর ছিল না?

আসল কথা হচ্ছে, খোদার মনোনীত জাতি হিসেবে আমরা যে প্রতিভাশালী এটা তারই প্রমাণ। ঋণের ব্যাপারটিকে আমরা তাদের কাছে এত হাল্কাভাবে পেশ করেছি যে, তারা ঋণ গ্রহণ করাটাকে তাদের জন্য কল্যাণকর মনে করেছে।

সময় যখন আসবে, তখন গয় রাষ্ট্রগুলোতে শত শত বছর ধরে আমরা পরীক্ষামূলকভাবে নানাবিধ কাজ করে যে বিচিত্র অভিজ্ঞতা সঞ্চয় করেছি তার হিসেব প্রকাশ করবো। এ হিসেব এক নজরে আমাদের প্রবর্তিত নূতন ব্যবস্থার স্পষ্টরূপ ও সুনির্দিষ্ট ব্যবস্থার বৈশিষ্ট্যে সকলের দৃষ্টি আকর্ষণ করবে। অতি দক্ষতার সঙ্গে গয় রাষ্ট্রে আমরা যা যা করে এসেছি—এ হিসেব প্রকাশ করার পর সেসব তৎপরতা বন্ধ হয়ে যাবে। আর আমরা নিজেদের রাজ্যে এসব করতেও চাই না।

আমাদের হিসেব রক্ষার ব্যবস্থা এত পাকাপোক্ত হবে যে, শাসনকর্তা অথবা নগণ্য কোন সরকারী কর্মচারী রাষ্ট্রীয় তহবিল থেকে ক্ষুদ্রতম অংকের পরিমাণ টাকাও তছরূপ বা নির্দিষ্ট খাত পরিবর্তন করে অন্য খাতে ব্যয় করতে পারবে না। এরূপ করতে গেলে তা ধরা পড়ে যাবে। কেননা, সবকিছুই পূর্বাহ্নে একটা সুনির্দিষ্ট পরিকল্পনার মধ্যে শামিল করা হয়েছে।

আর সুনির্দিষ্ট পরিকল্পনা ছাড়া শাসনকার্য পরিচালনা অসম্ভব। চলার পথ নির্দিষ্ট না করে এবং প্রয়োজনীয় উপকরণ সংগ্রহ না করে যাত্রা শুরু করলে মহাবীর ও উপদেবতাগণ পর্যন্ত ধ্বংস হয়ে যায়।

এক কালে যে গয় শাসকদের আমরা উপদেষ্টা হিসেবে কাজ করতাম, রাষ্ট্রীয় মেহমানদের অভ্যর্থনা, আদব-কায়দা প্রতিপালন, খানাপিনার উৎসব অনুষ্ঠান ইত্যাদিতে ব্যস্ত রেখে রাষ্ট্র পরিচালনার ক্ষেত্র থেকে আমরা তাদের দূরে সরিয়ে রেখেছি এবং পর্দার অন্তরালে আমরা আমাদেরই শাসন চালিয়েছি। রাষ্ট্রীয় হিসাবপত্র রক্ষার জিম্মাদার আমলাগণের পক্ষ থেকে আমাদেরই এজেন্টগণ হিসেব তৈরী করে অদূরদর্শী গইমদের বুঝিয়ে দিয়েছে যে, অদূর